

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।
www.bakerganj.gov.bd



স্মারকনং ৩২.০১.০৬০৭.০০০.০১৪.০০১.২১.৮৫

তারিখঃ ১৯-০৫-২০২২খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদ কালীন সময়ে নিম্নোক্ত পদ সমূহে নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাকেরগঞ্জ উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০৫ জন (প্রতি ইউনিয়নে ১জন)	এস এস সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপত্র/রেডিও, টিভির তালিকা ভুক্ত শিল্পি/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে আগামী ৩১-০৫-২০২২-তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের বরাবরে লিখিত ভাবে আবেদন করতে হবে।
- ০২। সংগীত শিক্ষক বিষয়ে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়ন / বাকেরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারনে সংশ্লিষ্ট উপজেলায় যোগ্য প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী ইউনিয়ন/উপজেলা হতে সংশ্লিষ্ট উপজেলার নিকটবর্তী প্রার্থীকে নিয়োগ প্রদান করতে হবে।
- ০৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত ক্ষেত্র সর্বশেষ সরকারী সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৪। আগামী ৩১-০৫-২০২২-তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্য হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সীমা ৩২ (বত্রিশ), বছর। সংশ্লিষ্ট উপজেলায় নির্ধারিত বয়স সীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়ন, উপজেলা ও জেলার নাম লিখতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষ মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয় পত্র সনদ/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এর ফটোকপি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নাম আংকিত সীল সহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন এবং অসম্পূর্ণ / ত্রুটি পূর্ণ আবেদন পত্র গ্রহণ যোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোন রূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


ম.০৫.২২

(সজল চন্দ্র শীল)

উপজেলা নির্বাহী অফিসার

বাকেরগঞ্জ, বরিশাল

ও

সভাপতি

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প নিয়োগ কমিটি।

তারিখঃ ১৯-০৫-২০২২ খ্রি।


স্মারকনং ৩২.০১.০৬০৭.০০০.০১৪.০০১.২১.৮৫

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরিশাল।

০২। -----

০৩। নোটিশ বোর্ড/অফিস কপি।


(মৌমিতা নাজনীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

বাকেরগঞ্জ, বরিশাল

ও সদস্য সচিব

“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প নিয়োগ কমিটি।